যুগান্তর

তারিখ ... 11 JAN 2007
পৃষ্ঠা ১২ কলাম ৪

# উচ্চশিক্ষা বিস্তারে নর্দার্ন ইউনিভার্সিটি

বাংলাদেশে উচ্চশিক্ষা বিস্তারে যে ক'টি বেসরকারি বিশ্ববিদ্যালয় উল্লেখযোগ্য অবদান রাখছে তাদের মধ্যে নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ অন্যতম। প্রতিষ্ঠানটি ২০০২ সালের শেষ দিকে আইবিএটি ট্রাস্টের অধীনে প্রতিষ্ঠিত হওয়ার পর অত্যন্ত অল্প সময়ের মধ্যে বেশ সাফল্য ও খ্যাতি অর্জন করেছে, সুনাম কুড়িয়েছে দেশে-বিদেশে। এর যুগোপযোগী ও কর্মমুখী সিলেবাস, দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, আধুনিক প্রয়োজনীয় শিক্ষা উপকরণ, অরাজনৈতিক ক্যাম্পাস, সুন্দর ও মনোরম পরিবেশ, কর্তৃপক্ষের দক্ষতা ও নিষ্ঠার ফলে এ প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে এ প্রতিষ্ঠানে প্রায় ৮ হাজার শিক্ষার্থী রয়েছে।

**প্রোগ্রাম :** আন্তর্জাতিক মানের শিক্ষা পদ্ধতির মাধ্যমে যোগ্য ও দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ (এনইউবি) যুগোপযোগী বিভিন্ন বিষয়ে শিক্ষাকার্যক্রম পরিচালনা করছে। এতে ছয়টি ফ্যাকাল্টির অধীন ছয়টি বিভাগে ২০টিরও অধিক প্রোগ্রাম পরিচালিত হচ্ছে। এগুলো হল— বিবিএ, এমবিএ, সিএসই, ইসিই, বি-ফার্ম, বিএ ইন ইএলএল, এলএলবি, এলএলবি (অনার্স), এমইডি, এমবিএম, এমবিএ ইন ইডি, এলএলএম, এমএ, এমইএলটি, এমপিএইচ, বিএড ও এমএড। এছাড়াও নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট সার্টিফিকেট কোর্স চালু করেছে।

**ব্যবসায় প্রশাসন (বিবিএ) বিভাগ**

পূর্ণকালীন ৪৪ জন ও ২৩ জন খণ্ডকালীন শিক্ষক, আপডেটেড সিলেবাস, তথ্য সমৃদ্ধ লাইব্রেরি, এসি, মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে এগিয়ে চলছে এনইউবি'র ব্যবসায় প্রশাসন বিভাগ। এ বিভাগের আওতায় ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ), মাস্টার্স অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) এবং মাস্টার্স অব এন্ট্রাপেনারশিপ ডেভেলপমেন্ট (এমইডি) ইত্যাদি কর্মমুখী শিক্ষা প্রদান করা হচ্ছে।

সাম্প্রতিক নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ এবং বাংলাদেশ ইন্সটিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্টের (বিয়াম) সঙ্গে যৌথ উদ্যোগে 'এমবিএ ফর এক্সিকিউটিভ' প্রোগ্রাম শুরু হয়েছে।

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ :** কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের আওতায় স্নাতক পর্যায়ে বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে পাঠদান করা হচ্ছে, যা শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে চলতে এবং দেশীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজেদের ক্যারিয়ার গড়তে সাহায্য করবে। বিভাগীয় প্রধান প্রফেসর আকরামুজ্জামান বলেন, 'এ বিভাগে প্রায় ৫৫০ জন ছাত্রছাত্রী, ১২ জন পূর্ণকালীন এবং ১৫ জন খণ্ডকালীন শিক্ষক, ১০০টি কম্পিউটারসহ তিনটি কম্পিউটার ল্যাব, পর্যাপ্ত টেক্সট বই ও রেফারেন্স বই সমৃদ্ধ লাইব্রেরি এবং ফ্রি ইন্টারনেট সুবিধা রয়েছে।'

**ফার্মেসি বিভাগ :** ফ্যাকাল্টি অব সায়েন্সের আওতায় এ বিভাগের ডিন প্রফেসর ড. নূরুল ইসলাম এবং কো-অর্ডিনেটর প্রফেসর ড. চৌধুরী মাহমুদ হাসানের তত্ত্বাবধানে সুপরিসর ক্লাসরুম ও চারটি আধুনিক ল্যাবরেটরি নিয়ে দক্ষ ফার্মাসিস্ট গড়ে তোলার প্রত্যয়ে নর্দার্ন ইউনিভার্সিটি চালু করেছে ফার্মেসি বিভাগ। চার শতাধিক ছাত্রছাত্রীর জন্য রয়েছে ৯ জন পূর্ণকালীন ও ১৩ জন খণ্ডকালীন শিক্ষক।

**আইন বিভাগ :** আইন বিভাগের অধীন এলএলবি, এলএলবি (অনার্স), এলএলএম এই তিনটি বিষয়ে পাঠদান করা হয়। দক্ষ ও অভিজ্ঞ ব্যারিস্টার, জেলা জজ ও অতিরিক্ত জেলা জজ আইন বিভাগের সাড়ে ৯০০ শিক্ষার্থীকে পাঠদান করছেন। এ বিভাগে ২৩ জন পূর্ণকালীন, ৮ জন খণ্ডকালীন শিক্ষক, পর্যাপ্ত টেক্সট ও রেফারেন্স বই, জার্নাল, সাময়িকী ইত্যাদি সমৃদ্ধ লাইব্রেরি রয়েছে।

**বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কার্যক্রম**

**এলএলবি কোর্স :** এনইউবি ও যুক্তরাজ্যের নটিংহাম ট্রেন্ট ইউনিভার্সিটি (এনটিইউ) সঙ্গে যৌথ উদ্যোগে বার এট ল' ডিগ্রি অর্জনের সমঝোতা চুক্তি রয়েছে। এ চুক্তির ফলে এনইউবির চার বছর মেয়াদি এলএলবি কোর্সের শিক্ষার্থীরা নটিংহাম ট্রেন্ট ইউনিভার্সিটিতে এক বছর পড়াশোনার পর বার এট ল' ডিগ্রি লাভ করবে।

**ইংরেজি বিভাগ :** এ বিভাগের আওতায় স্নাতক পর্যায়ে বিএ ইন ইংলিশ এবং স্নাতকোত্তর পর্যায়ে প্রিলিমিনারি ইন মাস্টার্স, ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার ও ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং কোর্স করানো হয়। এ বিভাগে প্রায় ১২০০ ছাত্রছাত্রী ও ২৩ জন পূর্ণকালীন শিক্ষক রয়েছে। এনইউবি সূত্রে জানা যায়, শুধু গ্রামার ও টিচিং মেথড শেখানোর জন্য বেসরকারি পর্যায়ে একমাত্র নর্দার্ন ইউনিভার্সিটিতে ইইটি কোর্স পড়ানো হয়।

নর্দার্ন ইউনিভার্সিটিতে বিশ্বখ্যাত মাইক্রোসফটের 'পার্টনারস ইন-লার্নিং' প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। সম্প্রতি নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ ও মাইক্রোসফট বাংলাদেশ লিমিটেডের মধ্যে এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী 'মাইক্রোসফট ডেভেলপার নেটওয়ার্ক একাডেমিক অ্যালিয়াস (এমডিএনএএ)' প্রোগ্রাম এবং 'নেট টেকনোলজি'র সুবিধা প্রদানের মাধ্যমে উভয় প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগ ও তত্ত্বাবধানে এনইউবির নিজস্ব কম্পিউটার ল্যাবে 'পার্টনার্স ইন-লার্নিং' প্রশিক্ষণ কার্যক্রম চলছে।

**ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট :** সমগ্র বিশ্বে পর্যটন শিল্পের ক্রমবর্ধমান চাহিদার প্রতি লক্ষ্য রেখে নর্দার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ চালু করেছে ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্স।

**সুযোগ-সুবিধা :** নর্দার্ন ইউনিভার্সিটির শিক্ষার্থীরা মাল্টিমিডিয়া ও ইন্টারনেট কানেকশনের মাধ্যমে ক্লাসে বসে প্রয়োজনীয় তথ্য জানতে পারছে। এ বিশ্ববিদ্যালয়ে রয়েছে সুপরিসর ক্লাসরুম, সমৃদ্ধ লাইব্রেরি, সার্বক্ষণিক ইন্টারনেট সুবিধা, পৃথক কম্পিউটার, ই-মেইল একাউন্ট খোলার সুবিধা, ফ্রি ইন্টারনেট ব্রাউজিং, বিভিন্ন ব্যাংক-বীমা, ব্যবসায়িক প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ করার সুযোগ, ক্যারিয়ার ও চাকরির ব্যাপারে সহায়তা, বিশ্বের বিভিন্ন দেশের নামিদামি শিক্ষা প্রতিষ্ঠানে ক্রেডিট ট্রান্সফার করার সুযোগ, ক্লাস বন্ধের দিনগুলোতেও কম্পিউটার ল্যাব ও লাইব্রেরি ব্যবহার করার সুযোগ। একাডেমিক পড়াশোনার পাশাপাশি এখানে রয়েছে ল্যাংগুয়েজ ক্লাব, কালচারাল ক্লাব, স্পোর্টস ক্লাব, বিজনেস ক্লাব, ডিবেটিং ক্লাব, লিগ্যাল ক্লাব। এসব ক্লাব, সেমিনার, ওয়ার্কশপ, শিক্ষা সফরের মাধ্যমে ছাত্রছাত্রীরা নানা বিষয়ে জ্ঞানার্জন করতে পারে।

**কর্তৃপক্ষের বক্তব্য**

বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম শামসুল হক বলেন, 'নর্দার্ন ইউনিভার্সিটি প্রতিষ্ঠাকাল থেকেই শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যাচ্ছে। এজন্য চার বছরের মধ্যে এখানে প্রায় আট হাজার শিক্ষার্থী ভর্তি হয়েছে। শিক্ষা নিয়ে ব্যবসা নয়, দেশের ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলাই নর্দার্ন ইউনিভার্সিটির মূল লক্ষ্য।' প্রফেসর শামসুল হক আরও বলেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী শতকরা ৫ ভাগ শিক্ষার্থীকে টিউশন ফি মওকুফের নিয়ম আছে। তবুও আমরা প্রায় ২০ শতাংশ শিক্ষার্থীর টিউশন ফি মওকুফের ব্যবস্থা করেছি। এছাড়াও শিক্ষার্থীদের মেধা মূল্যায়নের জন্য এসএসসি ও এইচএসসি ফলাফলের ওপর ভিত্তি করে ৫% থেকে ১০০% স্কলারশিপ এবং সেমিস্টার পরীক্ষা ফলাফলের ভিত্তিতে স্কলারশিপের ব্যবস্থা রয়েছে।' দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা প্রদানে নর্দার্ন ইউনিভার্সিটি দৃষ্টান্ত সৃষ্টি করে চলেছে। নর্দার্ন ইউনিভার্সিটি ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রায় ১ কোটি ৮৮ লাখ ৭৯ হাজার ৩৯৯ টাকা ব্যয় করেছে বৃত্তি, উপবৃত্তিসহ বিভিন্ন ছাত্রকল্যাণ কার্যক্রমে। এছাড়া নর্দার্ন ইউনিভার্সিটিতে ভর্তির জন্য শিক্ষার্থীদের কাছ থেকে অন্যান্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ের তুলনায় অনেক কম টিউশন ফি গ্রহণ করা হয়।




**রাজধানীর বাইরেও নর্দার্নের কার্যক্রম :** গুণগত মানের উচ্চশিক্ষাকে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে মোহাম্মদপুরের ইকবাল রোডের প্রধান ক্যাম্পাস ছাড়াও রাজধানীতে তিনটি ক্যাম্পাস প্রতিষ্ঠা করেছে। এ ছাড়াও শিক্ষাকে রাজধানীকেন্দ্রিক না রেখে বিশ্ববিদ্যালয়টি ঢাকার বাইরে রাজশাহী ও খুলনায় দুটি পৃথক ক্যাম্পাসের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আধুনিক সুযোগ-সুবিধার সমন্বয়ে ওইসব ক্যাম্পাস পরিচালিত হচ্ছে।

রাজশাহীর ক্যাম্পাসে আইন, ব্যবসায় প্রশাসন, ইংরেজি বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে উচ্চশিক্ষা প্রদান করা হয়। রাজশাহী ক্যাম্পাসে বর্তমানে ৭৬০ জন ছাত্রছাত্রীর জন্য ১১ জন পূর্ণকালীন ও ২৪ জন খণ্ডকালীন শিক্ষক রয়েছে। মূল ক্যাম্পাসের প্রায় সব বিষয় খুলনা ক্যাম্পাসে রয়েছে এবং ছাত্রছাত্রীর সংখ্যা ৭২৪ জন, ক্লাসরুম ১০টি, কম্পিউটার ল্যাব একটি এবং একটি লাইব্রেরিতে মোট বইয়ের সংখ্যা ৪ হাজার।

**ক্যাম্পাস প্রতিবেদক**